
# SHORT QUESTION FOR 3RD SEMESTER

MODULE-1

Q. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার বলতে কী বোঝো ?

-যে বাজারে অসংখ্য ক্রেতা এবং বিক্রেতা থাকে এবং প্রত্যেকেই একটি সম জাতীয় দ্রব্য ক্রয় এবং বিক্রয় করে থাকে সেই বাজারকে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার বলা হয়।

Q.পূর্ণ প্রতিযোগিতার বাজারে AR  MR রেখা অঙ্কন কর I




Q.পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে স্বল্পকালে ফার্মের ভারসাম্যের শর্ত কি ?

পূর্ণ প্রতিযোগিতার বাজারে স্বল্পকালে ফার্মের ভারসাম্যের শর্ত হল ;

i) MR=MC——--- প্রয়োজনীয় শর্ত

ii)  প্রান্তিক ব্যায় রেখা উর্ধ্বমুখি হবে—পর্যাপ্ত শর্ত

Q.পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে দীর্ঘকালে ফার্মের ভারসাম্যের শর্ত কি ?

পূর্ণ প্রতিযোগিতার বাজারে দীর্ঘকালে ফার্মের ভারসাম্যের শর্ত হল ;

i) MR=MC


ii) MRরেখার ঢাল < MC রেখার ঢাল

iii) MR=MC=AR=AC

Q.পূর্ণপ্রতিযোগিতামূলক বাজারে ফার্ম কখন উৎপাদন বন্ধের (shut down point) বিন্দুতে পৌঁছায়?

–AVC রেখার উপর যে বিন্দুতে হয় AVC=P হয় সেই বিন্দুকে উৎপাদন বন্ধের বিন্দু বলে i পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের  AVC রেখার সর্বনিম্ন বিন্দুতে AVC=P হয় । অর্থাৎ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে AVC রেখার সর্বনিম্ন বিন্দু উৎপাদন বন্ধের বিন্দু I

Q. সমাবস্থার বিন্দু (Break Even point) কাকে বলে? পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের কোন বিন্দুটি সমাবস্থার বিন্দু ?
–যে বিন্দুতে ফার্মের মোট আয়  মোট ব্যয়ের সমান অথবা দাম(P) ও গড় ব্যয়(AC) পরস্পর সমান সেই বিন্দুকে সমাবস্থার  বিন্দু বলে।
পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্মের গড় ব্যয় রেখার সর্বনিম্ন বিন্দুতে ফার্ম এই সমাবস্থার বিন্দুতে পৌঁছায়।




Q. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের স্বল্পকালীন যোগান রেখা কোনটি ?

পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের AVC রেখার সর্বনিম্ন বিন্দুর উপরে প্রান্তিক ব্যয় (MC) রেখার যে ঊর্ধ্বমুখী অংশ রয়েছে তাই হল ফার্মের স্বল্পকালীন যোগান রেখা। অর্থাৎ পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে ফার্মের যোগান রেখা, বাঁদিক থেকে ডানদিকে গামী ঊর্ধ্বগামী।


Q.স্বাভাবিক মুনাফা কাকে বলে?

– যে ন্যূনতম মুনাফা পেলে কোন ফার্ম একটি নির্দিষ্ট দ্রব্য উৎপাদনে নিযুক্ত থাকে সেই মুনাফাকে স্বাভাবিক মুনাফা বলে। স্বাভাবিক মুনাফা ব্যয়ের মধ্যে ধরা হয়।

Q. দীর্ঘকালের পূর্ণ প্রতিযোগিতামূলক ফার্ম কি মুনাফা অর্জন করতে পারে ?
– পূর্ণ প্রতিযোগিতামূলক কোন ফার্ম দীর্ঘকালে কেবলমাত্র স্বাভাবিক মুনাফা অর্জন করে ,কোন অস্বাভাবিক মুনাফা অর্জন করতে পারে না।

Q.একচেটিয়া বাজার বলতে কী বোঝো ?
– যে বাজারে একজন মাত্র বিক্রেতা  অসংখ্য ক্রেতা র কাছে কোন দ্রব্য বিক্রি করে এবং যেখানে দ্রব্যটির কোন ঘনিষ্ঠ পরিবর্তন যোগ্য থাকে না সেই বাজারকে একচেটিয়া বাজার বলা হয় ।

Q.একচেটিয়া বাজারে AR  MR রেখা অঙ্কন কর।




Q.দাম স্বতন্ত্রীকরন (Price discrimination)বলতে কী বোঝো?
–একই দ্রব্য বিভিন্ন দামে বিক্রি করাকে দাম স্বতন্ত্রীকরন বলা হয়।

Q.অলি গোপলি (Oligopoly)বাজার বলতে কী বোঝো ?
–যে বাজারে অনেক ক্রেতা কিন্তু স্বল্প সংখ্যক বিক্রেতা থাকে তাকে অলিগোলি বাজার বলা হয়। এই বাজারে প্রত্যেক বিক্রেতা সমজাতীয় দ্রব্য বা পৃথকীকৃত দ্রব্য বিক্রয় করতে পারে।

Q থাজনা কাকে বলে?
– অর্থনীতিবিদ রিকার্ডো র মতে জমির আদি এবং অবিনশ্বর ক্ষমতা ব্যবহার করার জন্য জমির মালিক কে যা দেওয়া হয় তাই থাজনা। কিন্তু আধুনিক অর্থনীতিবিদগণের মতে উৎপাদনের কোন উপাদানের যোগান স্বল্পকালে অস্থিতিস্থাপক হওয়ায় উৎপাদনের ওই উপাদান যে অতিরিক্ত উপার্জন করতে পারে সেটি ওই উপাদানের থাজনা।

Q.থাজনা কি মুনাফার অন্তর্ভুক্ত ?

Q. সুদ কি?
কোন ব্যক্তি অপর কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট থেকে নির্দিষ্ট সময়ের জন্য যে টাকা ধার নেয় তার জন্য তাকে  যে দাম দিতে হয় তাকেই সুদ বলা হয়।
অধ্যাপক কেইসের মতে নগদ টাকা পরিত্যাগ করার জন্য যে পুরস্কার পাওয়া যায় সেটাই সুদ ।

Q.আর্থিক মজুরি কি ?
কোন শ্রমিক উৎপাদন কার্যে অংশগ্রহণ করার জন্য উদ্যোক্তার কাছ থেকে টাকার অংকে যে মজুরি পায় তাকে আর্থিক মজুরি বলা হয়।

Q.প্রকৃত মজুরি বলতে কী বোঝো ?
আর্থিক মজুরির সাহায্যে শ্রমিক যে পরিমাণ দ্রব্য সামগ্রী কিনতে পারে তাই হলো প্রকৃত মজুরি। শ্রমিক কর্মস্থল থেকে যে সমস্ত সুযোগ-সুবিধা পেয়ে থাকে তা  প্রকৃত মজুরির মধ্যে ধরা হয়।

Q.প্রান্তিক আয় উৎপাদন বা MRP(Marginal Revenue Product)] বলতে কি বোঝো?
কোন একটি উপাদান এক ইউনিট বেশি করে নিয়োগ করলে ফার্মের মোট রেভিনিউ যতটা বৃদ্ধি পায় সেটাকেই ওই ইউনিটের প্রান্তিক রেভিনিউ উৎপাদন বলা হয় ।

Q.প্রান্তিক বাস্তব উৎপাদন  বা VMP(Value of Marginal Product) কি?
VMP প্রান্তিক বাস্তব উৎপাদনের অর্থ মূল্যই হল প্রান্তিক উৎপাদন মূল্য।

Q.MPP (Marginal Physical Product )  বা প্রান্তিক বাস্তব উৎপাদন কি?
অন্যান্য সমস্ত উপকরণ একই থাকা অবস্থায় কোন একটি উপকরণ কে যদি এক ইউনিট  বেশি করে নিয়োগ করা যায় তাহলে উৎপাদন যত ইউনিট বাড়ে সেটি ঐ উপকরনের প্রান্তিক বাস্তব উৎপাদন  বা MPP।

Q.প্রান্তিক উৎপাদনশীলতার তত্ব কি?

Q আধা খাজনা বলতে কী বোঝো ?
মার্শালের মতে কোন মূলধনী দ্রব্য সামগ্রী থেকে যে উপার্জন হয় সেই উপার্জন থেকে মূলধনী দ্রব্য সামগ্রী চালু রাখার জন্য যে ব্যয় হয় সেই ব্যয় বাদ দিলে যা পাওয়া যায় তাকে আধা কাজ না বা প্রায় খাজনা বলা হয়।
Q.রিকার্ডো র মতে খাজনা কি?
অর্থনীতিবিদ রিকার্ডো র মতে জমির আদি এবং অবিনশ্বর ক্ষমতা ব্যবহার করার জন্য জমির মালিক কে যা দেওয়া হয় তাই খাজনা।

Q.আধুনিক  অর্থনীতিবিদ গণের মত অনুযায়ী খাজনার সংজ্ঞা দাও।
আধুনিক অর্থনীতিবিদ গণের মতে উৎপাদনের কোন উপাদানের যোগান স্বল্পকালে অস্থিতিস্থাপক হওয়ায় ওই উৎপাদনের উপাদান যে অতিরিক্ত উপার্জন করতে পারে সেটি ওই উপাদানের খাজনা ।

Qআর্থিক মজুরি বলতে কি বুঝ ?কোন শ্রমিক উৎপাদন কার্যে অংশগ্রহণ করার জন্য উদ্যোক্তার কাছ থেকে টাকার অংকে যে মজুরি পায় তাকেই বলে আর্থিক মজুরি।
আর্থিক মজুরি অপেক্ষা প্রকৃত মজুরি শ্রমিকদের কাছে অধিক গুরুত্বপূর্ণ কারণ শ্রমিকদের জীবনযাত্রার মান এই প্রকৃত মজুরির উপরই নির্ভর অ দাম স্তরের উপর নির্ভর করে। আর্থিক মজুরি একই থাকা অবস্থায় যদি দ্রব্য সামগ্রীর দাম বাড়ে তাহলে প্রকৃত মজুরি কমে আসে। শ্রমিকরা তাদের কাজের বিনিময়ে আর্থিক মজুরি ছাড়াও আরো কিছু সুযোগ-সুবিধা পেতে পারি এই সুযোগ সুবিধা গুলো আর্থিক মজুরির অন্তর্ভুক্ত হয় না কিন্তু প্রকৃত মজুরিদ অন্তর্ভুক্ত করে